মিশিগানে গণমাধ্যমকর্মীদের সম্মাননা দিলো যুবলীগ

সুলায়মান আল মাহমুদ, মিশিগান থেকে: যুক্তরাষ্ট্রের মিশিগানে বাংলাদেশী কমিউনিটিতে বিশেষ অবদান রাখায় ১৫ জন সাংবাদিক ও ব্লগারকে সম্মাননা দিয়েছে মিশিগান স্টেট যুবলীগ। এ উপলক্ষে গতকাল বিকেলে হ্যামট্রামিক শহরের মদিনা রেস্টুরেন্টে সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। স্টেট যুবলীগ সভাপতি জাহেদ মাহমুদ সুমনের সভাপতিত্বে ও সেক্রেটারি শেখ বদরুদ্দোজা জুনেদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গোলাপগঞ্জ উপজেলা চেয়ারম্যান মঞ্জুর শাফী এলিম। প্রধান বক্তা ছিলেন সিলেট জেলা আওয়ামী লীগ সদস্য শাহিদুর রহমান চৌধুরী জাবেদ। বিশেষ অতিথি ছিলেন মিশিগান মহানগর আওয়ামী লীগ সভাপতি আব্দুস শাকুর খান মাখন।
অনুষ্ঠানের প্রধান অতিথি মঞ্জুর শাফী এলিম বলেন, যাদেরকে সম্মানিত করা হচ্ছে তারা প্রবাসে থাকা বাংলাদেশিদের জীবনযাত্রার চিত্র প্রতিনিয়ত তুলে ধরছেন। তথ্য প্রকাশে কমিউনিটির মানুষ যেমন উপকৃত হচ্ছে তেমনি দেশে ফেলে আসা প্রাণের আত্মীয়-স্বজন ও রাষ্ট্রের নীতি-নির্ধারকরাও জানতে পারছেন এখানে জন্ম ও বেড়ে ওঠা প্রজন্মের শিক্ষাক্ষেত্রে অগ্রসরতা, বাংলাদেশিদের ব্যবসায়িক অবস্থা, মানুষের আর্থ-সামাজিক জীবনযাপনের চিত্র এবং বিভিন্ন ধর্মীয় ও সাংস্কৃতিক আচার-অনুষ্ঠানের কথা।
অনুষ্ঠানে যাদের হাতে সম্মাননা তুলে দেয়া হয় তারা হলেন, মানবজমিনের হেলাল উদ্দিন রানা, বাংলা সংবাদ পত্রিকার সম্পাদক ইকবাল ফেরদৌস, সুপ্রভাত মিশিগান সম্পাদক চিন্ময় আচার্য্য, আরটিভির কামরুজ্জামান হেলাল, মিশিগান প্রতিদিনের সম্পাদক ফারজানা চৌধুরী পাপড়ি, বাংলাদেশ প্রতিদিনের আশিকুর রহমান, ঢাকা পোস্টের তোফায়েল রেজা সোহেল, জনকণ্ঠের রফিকুল হাসান চৌধুরী তুহিন, প্রথম আলোর সৈয়দ আসাদুজ্জামান সুহান, মানবকণ্ঠের সাহেল আহমদ, শুভ প্রতিদিনের ফয়সল আহমেদ মুন্না, উত্তর-পূর্বের জুয়েল খান, ভয়েজ অব মিশিগানের শফিকুর রহমান, সোশ্যাল মিডিয়া অ্যাক্টিভিস্ট ড. রাব্বাী আলম ও মিশিগান এক্সপ্রেস ট্রেনের নাজেল হুদা। এসময় সাংবাদিকদের মধ্যে থেকে বক্তব্যে রাখেন হেলাল উদ্দিন রানা, কামরুজ্জামান হেলাল, ইকবাল ফেরদৌস, রফিকুল হাসান তুহিন, তোফায়েল রেজা সোহেল। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদ সভাপতি ড. এমডি আলম, মিশিগান

এক্সপ্রেস ট্রেনের নাজেল হুদা, আওয়ামী লীগ নেতা সালেহ আহমদ বাদল, আব্দুল বাছিত, সাবুল হোসেন, মিশিগান স্টেট যুবলীগ যুগ্ম সাধারণ সম্পাদক রুম্মান আহমদ ইভান, সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইয়াহিয়া প্রমুখ।